

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ  
(উন্নয়ন শাখা)  
[www.mymensinghdiv.gov.bd](http://www.mymensinghdiv.gov.bd)

২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর  
নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী:


সভাপতি : খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি  
বিভাগীয় কমিশনার  
ময়মনসিংহ  
সভার তারিখ : ১৪/১০/২০১৯খ্রি.  
সময় : বিকাল ৪.৩০ টা  
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-“ক”

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এরপর কমিটির সদস্য সচিব এ কার্যালয়ের জন্য প্রণীত ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপন করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা আবশ্যিক বলে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনে লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে প্রমাণকসমূহ সংরক্ষণ করার জন্য আহ্বান জানান। অতঃপর কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১. ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
২. লক্ষ্যমাত্রার অর্জনের ক্ষেত্রে প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।
৩. শুদ্ধাচার চর্চায় কর্মকর্তা/কর্মচারীদের উৎসাহ প্রদান করতে হবে।
৪. সাফল্য অর্জনের অন্তরায় চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা নিতে হবে।

পরিশেষে, সভাপতি সকলকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)  
বিভাগীয় কমিশনার  
ময়মনসিংহ

ফোন: +৮৮-০৯১-৬১৪৪৪ (অফিস)

ফ্যাক্স: +৮৮-০৯১-৬৬৪৪০ (অফিস)

ই-মেইল: [divcommymensingh@mopa.gov.bd](mailto:divcommymensingh@mopa.gov.bd)


স্মারক নম্বর : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৩.১৬. ৩৫৬

তারিখ:

২৯ আশ্বিন ১৪২৬  
১৪ অক্টোবর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ...., সদস্য, নৈতিকতা কমিটি।
৫. অফিস কপি।

  
১৪/১০/১৯

(সবিতা সরকার)  
সহকারী কমিশনার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
ময়মনসিংহ  
ও  
সদস্য সচিব  
নৈতিকতা